# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা।
ফোনঃ ০২-৪৭৭৭৮৮৭০৪(অফিস)

www.bwdb.chuadanga.gov.bd

Office of the
Executive Engineer
Chuadanga O&M Division
BWDB, Chuadanga
Phone: 02-477788704 (Office)
e-mail: xen.chuadanga@gmail.com

স্মারক নং-ই-২/৯৯ তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রি.।

**২০২৩-২৪ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র অধীন চুয়াডাঙ্গা পওর বিভাগ এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বাঁধ মেরামত/পুনরাকৃতিকরন, খাল খনন/পুনঃখনন, কলোনী মেরামত ইত্যাদি কাজ ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পন্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। এমতাবস্থায় অত্র দপ্তরের আওতায় উক্ত দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ঠিকাদারগণকে তালিকাভুক্তির নিমিত্ত আবেদনপত্র আহবান করা হচ্ছে।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২. | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩. | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। |
| ৪. | আবেদন ফি (শুধুমাত্র নতুন আবেদনের জন্য) | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর)। |
| ৫. | আবেদনপত্র দাখিলের স্থান | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা (প্রাক্কলন শাখা)। |
| ৬. | আবেদনপত্র প্রাপ্তির স্থান | |
| ৭. | আবেদন পত্র প্রাপ্তি ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | **২৫/০৭/২০২৩ খ্রি. থেকে ৩১/০৮/২০২৩ খ্রি. পর্যন্ত। (ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।)** |

উল্লেখ্য যে, ইতোপূর্বে অত্র দপ্তরের নিবন্ধিত ঠিকাদারগনকে ২০২৩-২৪ অর্থবছরের জন্য নিবন্ধন নবায়নের জন্য অনুরোধ করা হলো। ২০২৩-২৪ অর্থবছরে নিবন্ধন নবায়ন ব্যতিত ঠিকাদারগন সীমিত দরপত্র পদ্ধতিতে আহব্বানকৃত দরপত্রে অংশগ্রহন করতে পারবেন না। শুধুমাত্র ২০২২-২৩ অর্থবছরের নিবন্ধিত/নবায়নকৃত আগ্রহী ঠিকাদারগনকে আগামী ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিবন্ধন বই (মূল), হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র (ফটোকপি), হালনাগাদ ভ্যাট প্রত্যয়নপত্র (ফটোকপি), হালনাগাদ ট্রেড লাইসেন্স (ফটোকপি) এবং নবায়ন ফি বাবদ ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট চালানের মুলকপি অত্র দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নতুন নিবন্ধনের জন্য ঠিকাদারের আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক প্রাথমিক তালিকা প্রকাশিত হওয়ার পর নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (টাকা পাচ হাজার মাত্র) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট চালানের মুলকপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নবায়নের জন্য আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তী অর্থবছর প্রতি বছরের জন্য নবায়ন ফি এবং তার সমপরিমান অর্থ বিলম্ব ফি এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (১৫% ভ্যাটসহ) প্রয়োজনীয় কাগজপত্রসহ দাখিলের মাধ্যমে নবায়নের জন্য আবেদন করা যাবে। নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(আরিফ আহমেদ)
পরিচিতি নং-৯২০৭১২০০১
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং-ই-২/৯৯/১(১৯) তারিখঃ ২৩/০৭/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
২) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৭) পুলিশ সুপার, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৮) নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/ইইডি/ওজোপাডিকো, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৯) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
১০) উপ-বিভাগীয় প্রকৌশলী, চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা পওর উপ-বিভাগ, বাপাউবো, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১১) প্রাক্কলনিক/সহকারী হিসাব রক্ষক, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা।
১২) অফিস কপি।

23/07/2023
নির্বাহী প্রকৌশলী
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা।
23/07/2023